



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/2/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল প্রাথমিকভাবে যোগ্য কিন্তু যুব অপরাধীর স্থিতি প্রত্যাখ্যাত হওয়া ব্যক্তিদের পূর্ববর্তী পদের জন্য পুনরায় আবেদন করার অনুমতি দিয়ে আইনে স্বাক্ষর করেছেন

**আইন (S.282/A.6769) যারা কোন অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়েছিলেন এবং যুব অপরাধীর স্থিতির জন্য যোগ্য কিন্তু প্রাথমিকভাবে তাদের এই স্থিতি প্রত্যাখান করা হয়েছিল, তদের পূর্ববর্তী পদের জন্য পুনরায় আবেদন করার অনুমোদন দেয়**

গভর্নর ক্যাথি হোচুল আজ আইন (S.282/A.6769) স্বাক্ষর করেছেন যা সেই ব্যক্তিদের যারা যখন 19 বছরের কম বয়সী ছিলেন তখন একটি অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়েছিলেন, এবং সেই কারণে তারা যুব অপরাধীর স্থিতির জন্য যোগ্য ছিলেন, কিন্তু সেই স্থিতি তাদের প্রত্যাখান করা হয়েছিল, তাদের যুব অপরাধী স্থিতির জন্য পূর্ববর্তীভাবে পুনরায় আবেদন করার অনুমোদন প্রদান করে।

"বহু বেশি নিউ ইয়র্কবাসীরা যারা অল্প বয়সে খারাপ পথ বেছেছিলেন তারা অপরাধমূলক দোষী সাব্যস্ত হওয়ার পরিণতি আজীবন মোকাবেলা করতে বাধ্য হন যা তাদের একটি উত্পাদনশীল, পরিপূর্ণ জীবনের দ্বিতীয় সুযোগ দিতে অস্বীকার করে।" **গভর্নর হোচুল বলেন।** "সম্প্রদায়গুলি উন্নতি লাভ করে যখন প্রত্যেক সদস্যের অবদান রাখার সুযোগ থাকে এবং প্রত্যেকের সাফল্যের ন্যায্য সুযোগ নিশ্চিত করতে প্রয়োজনীয় পরিবর্তনগুলি করার সময় এসেছে নিউ ইয়র্কেরা এই আইনের জন্য ধন্যবাদ, আমরা এখন তাদের সহায়তা করতে পারি যারা তাদের ভুলগুলি থেকে শিক্ষা নিয়েছেন একটি অপরাধমূলক দোষী সাব্যস্ত হওয়ার কলঙ্ক দূর করে, এবং তাদের স্বাভাবিক অবস্থায় ফিরে যাওয়ার সুযোগ দিয়ে।"

19 বছরের কম বয়সে অপরাধের জন্য দোষী সাব্যস্ত ব্যক্তিদের জন্য নিউ ইয়র্কের যুব অপরাধী আইন তাদের দোষী সাব্যস্ত হওয়াকে প্রতিস্থাপিত সুযোগ প্রদান করে একটি গোপনীয়, অ-অপরাধী রায় এবং হ্রাসপ্রাপ্ত কারাদণ্ডের দ্বারা। একটি অপরাধমূলক রেকর্ডের দীর্ঘস্থায়ী প্রভাব থাকে, যার মধ্যে রয়েছে সামাজিক পক্ষপাত এবং কর্মসংস্থানে সীমিত প্রবেশাধিকার - পুনর্বাসনের দুটি উল্লেখযোগ্য বাধা যা নাটকীয়ভাবে অপরাধপ্রবণতার সম্ভাবনাকে বাড়িয়ে তোলে। 19 বছরের কম বয়সীদের মধ্যে অনেকেই যখন দোষী সাব্যস্ত হন এবং যুব অপরাধীর স্থিতির জন্য যোগ্য হন, তাদের তা মঞ্জুর করা হয় না। এই আইনটি যাদের সেই পদ মঞ্জুর করা হয়নি এবং যারা তাদের মূল দণ্ডের পর থেকে কমপক্ষে পাঁচ বছরের মধ্যে অন্য অপরাধের

জন্য দোষী সাব্যস্ত হয়নি তাদের যুব অপরাধী স্থিতির জন্য পূর্ববর্তীভাবে আবেদন করার অনুমোদন দেয়।

**সিনেটর জেলনর মাইরি বলেছেন,** "আমাদের সম্প্রদায়গুলি শক্তিশালী এবং নিরাপদ হয় যখন মানুষরা ন্যায্যভাবে দ্বিতীয় সুযোগে পায়। অল্পবয়সী ব্যক্তির প্রায়শই আজীবনের জন্য একটি অপরাধমূলক দোষী সাব্যস্ত হওয়ার পরিণতি বহন করে এবং এই আইনটি তাদের যুব অপরাধীর স্থিতির জন্য একটি নতুন সংকল্পের উদ্দেশ্যে রায় প্রদানকারী আদালতে আবেদন করতে দেবে। আমি গভর্নর হোচুল, অ্যাসেম্বলি সদস্য হাইন্ডম্যান এবং বহু উকিল এবং সক্রিয় কর্মীদের কাছে কৃতজ্ঞ যারা তাদের কাহিনীগুলি শেয়ার করেছেন এবং আমি ন্যায্যতা, নিরাপত্তা এবং একটি ন্যায্যবিচার ব্যবস্থার জন্য লড়াই চালিয়ে যাওয়ার জন্য উদগ্রীব যা আমাদের সর্বোচ্চ আদর্শের সাথে মেলে।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যালিসিয়া হাইন্ডম্যান বলেছেন,** "আমাদের আইনি ব্যবস্থায় তরুণদের সাথে ঠিক এমন আচরণই করা উচিত। আইনে পরিণত হওয়া এই বিধিটি 19 বছর বয়স হওয়ার আগে দোষী সাব্যস্ত ব্যক্তিদের একটি অপরাধমূলক রেকর্ডের কলঙ্ক থেকে অব্যাহতি যাওয়ার একটি গুরুত্বপূর্ণ দ্বিতীয় সুযোগ দেবে। আমি আমার সহকর্মী আরাভেলা সিমোটাসকে এই আইনের জন্য বছরের পর বছর ধরে তার নিরলস সমর্থনের জন্য স্বীকৃতি প্রদান করতে চাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418